

বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
একাউন্টস এন্ড রিপোর্ট উইং
অডিট ভবন
৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০
www.cag.org.bd



নং-সিএজি/এএন্ডআর উইং(প্রশা)/২০১৯-২০/১৫/২৬

তারিখ: ১৪-০৬-২০২০ খ্রিঃ।

অফিস আদেশ


বিষয় : ১৯৭১-১৯৭২ অর্থবছর থেকে ২০০৯-২০১০ অর্থবছর পর্যন্ত "সাধারণ আপত্তি" নিষ্পত্তি প্রসঙ্গে

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত গুরুতর আর্থিক অনিয়মসমূহ ছাড়াও বিপুল সংখ্যক সাধারণ ও অগ্রিম আপত্তি দীর্ঘকাল যাবৎ অনিষ্পন্ন রয়েছে। তন্মধ্যে প্রায় ৮০ ভাগই সাধারণ আপত্তি। উক্ত আপত্তিসমূহের নিষ্পত্তিকরণ প্রক্রিয়ায় নির্বাহী কর্তৃপক্ষ এবং অডিট অধিদপ্তর উভয়েরই বিপুল জনবল, সময় ও সম্পদ নিয়োজিত রাখতে হচ্ছে। অনিষ্পন্ন আপত্তি ব্যবস্থাপনায় উল্লেখযোগ্য জনবল ও সম্পদ নিয়োজিত রাখার ফলে সময় উপযোগী মানসম্পন্ন পারফরমেন্স ও ফিন্যান্সিয়াল অডিট কার্যক্রম কাজিত মাত্রায় উন্নীত করা সম্ভব হচ্ছে না। তাছাড়াও, চলমান প্রথাগত নিষ্পত্তিমূলক কার্যক্রম ব্যয় সাশ্রয়ী ও কার্যকর (cost effective) বিবেচিত হচ্ছে না।

বর্ণিত প্রেক্ষাপটে অডিট অধিদপ্তর ও নির্বাহী কর্তৃপক্ষের জনবল, অর্থ ও সময়ের সর্বোত্তম ব্যবহার, পেনশন অনুমোদনে ভোগান্তি লাঘব, ঝুঁকি ভিত্তিক ও প্রযুক্তি নির্ভর মানসম্পন্ন পারফরমেন্স ও ফিন্যান্সিয়াল অডিট কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল ১৯৭১-৭২ অর্থবছর থেকে ২০০৯-১০ অর্থবছর পর্যন্ত সকল সাধারণ আপত্তি নিষ্পত্তি হিসেবে গণ্য করার সিদ্ধান্ত প্রদান করেছেন।

অডিট অধিদপ্তরের মহাপরিচালকগণ সংশ্লিষ্ট মুখ্য হিসাবদানকারী কর্মকর্তা (Principal Accounting Officer) বরাবর সংযুক্ত পত্র (পরিশিষ্ট-১) প্রেরণের মাধ্যমে উক্ত অধিদপ্তরের আওতাধীন ১৯৭১-৭২ থেকে ২০০৯-১০ অর্থবছর পর্যন্ত সকল সাধারণ আপত্তি নিষ্পত্তি করবেন এবং বর্ণিত সাধারণ অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির ক্ষেত্রে উক্ত পত্র চূড়ান্ত নিষ্পত্তি পত্র হিসেবে গণ্য হবে। এক্ষেত্রে প্রতিটি আপত্তির জন্য পৃথক নিষ্পত্তি পত্র জারি করার আবশ্যিকতা নেই। তবে আপত্তি সংশ্লিষ্ট বিষয়ে আদালতে কোনো মামলা থাকলে সেক্ষেত্রে আদালতের সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সংযুক্ত : ১(এক) পাতা।


১৪/০৬/২০২০
(মোঃ মাসুদুল হক)

ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল(এএন্ডআর)
ফোন: ৪৮৩২২০৬৫


নং-সিএজি/এএন্ডআর উইং(প্রশা)/২০১৯-২০/১৫/৬৮

তারিখ: ১৪-০৬-২০২০ খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মহাপরিচালক, শিল্প, বাণিজ্য ও আর্থিক প্রতিষ্ঠান/ আর্থিক ও উপযোজন হিসাব /রাজস্ব অডিট/ গৃহায়ন ও ভৌত অবকাঠামো/ পরিবহন অডিট/ আইটি অডিট/ পররাষ্ট্র ও প্রবাসী কল্যাণ/ বৈদেশিক সাহায্যপুস্ত্র প্রকল্প/ বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি/ প্রতিরক্ষা অডিট/ শিক্ষা, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক/ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ/ কৃষি এবং পরিবেশ/ পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান/ জনপ্রশাসন এবং সাংবিধানিক প্রতিষ্ঠান/ সামাজিক নিরাপত্তা ও কল্যাণ/ বিদ্যুৎ, জ্বালানী ও প্রাকৃতিক সম্পদ অডিট অধিদপ্তর, ঢাকা-১০০০
২. পিএসটু সিএজি, সিএজি কার্যালয়, ঢাকা।
৩. এসিএজি (রিপোর্ট-১,২/ হিসাব/ সংসদ), সিএজি কার্যালয়, ঢাকা।
৪. পিএটু ডিসিএজি (সিনিয়র), সিএজি কার্যালয়, ঢাকা।
৫. পিএটু ডিসিএজি (এএন্ডআর), সিএজি কার্যালয়, ঢাকা।
৬. পিএটু এডিএসিএজি (সংসদ), সিএজি কার্যালয়, ঢাকা।
৭. অফিস কপি/ গার্ড ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরনি
মৎস্য ভবন, রমনা, ঢাকা
www.fisheries.gov.bd


১৪/০৬/২০২০
(মোঃ আলমগীর হোসাইন)
অডিট এন্ড একাউন্টস অফিসার (প্রশাসন)
একাউন্টস এন্ড রিপোর্ট উইং
তারিখঃ ০১/০৭/২০২০ খ্রিঃ।

পত্র নং: ৩৩.০২.০০০০.১১০.৫০.০০২.১৩

০২২(০২০)

কামার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. পরিচালক, মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাতার, ঢাকা।
২. পরিচালক, সামুদ্রিক মৎস্য দপ্তর, সিজিএ, চট্টগ্রাম।
৩. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, সামুদ্রিক মৎস্য জরিপ ও ব্যবস্থাপনা ইউনিট, আগ্রাবাগ, চট্টগ্রাম।
৪. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, প্লট নং-৩, রোড নং-১০, সেক্টর-১১, উত্তরা, ঢাকা/ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ/চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/রাজশাহী বিভাগ, রাজশাহী/খুলনা বিভাগ, খুলনা/বরিশাল বিভাগ, বরিশাল/সিলেট বিভাগ, সিলেট/রংপুর বিভাগ, রংপুর।
৫. উপপরিচালক, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ ঢাকা/চট্টগ্রাম/খুলনা।
৬. কোয়ালিটি এ্যাসুরেন্স ম্যানেজার, মাননিয়ন্ত্রণ ল্যাবরেটরী, ঢাকা/চট্টগ্রাম/খুলনা।
৭. জেলা মৎস্য কর্মকর্তা (সকল) (আপনার অধীনস্থ সকল দপ্তরে পৃষ্ঠাংকণ করে অফিস আদেশটি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৮. প্রকল্প পরিচালক, বাওড় মৎস্য উন্নয়ন প্রকল্প (রাজস্ব) আরবপুর, যশোর।
৯. প্রকল্প পরিচালক/প্রকল্প সমন্বয়কারী পরিচালক/কর্মসূচি সমন্বয়কারী পরিচালক,
- ১০। অধীক্ষক, মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁদপুর।
- ১১। আঞ্চলিক মৎস্য কর্মকর্তা, কক্সবাজার/কাপ্তানগঞ্জ, সাতক্ষীরা।
- ১২। উন্নয়ন বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য প্রজনন ও প্রশিক্ষণ কেন্দ্র, বায়পুঁ, লক্ষ্মীপুর।
- ১৩। প্রোগ্রামার, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা। পত্রটি মৎস্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

শামীম আরা বেগম
উপপরিচালক (অডিট)
ফোন: ০২-৯৫৬৭২১১৯

ই-মেইল: auditsectiondof@gmail.com